যুগান্তর

26 JUL 2017
পৃষ্ঠা ১৮ কলাম ৩

# শিশুদের ইংরেজি শেখাতে ব্রিটিশ কাউন্সিলের বিশেষ কার্যক্রম

যুগান্তর রিপোর্ট

প্রাক-স্কুল শিক্ষার্থীদের জন্য মঙ্গলবার ইংরেজি শিক্ষা বিষয়ক কর্মসূচি 'লার্নিং টাইম উইথ শন অ্যান্ড টিমি'র উদ্বোধন করেছে ব্রিটিশ কাউন্সিল। ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে নিজস্ব কার্যালয়ে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ব্রিটিশ কাউন্সিলের প্রধান নির্বাহী কিরণ ডিভেইন এবং বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশে শিশুবিষয়ক টিভি অনুষ্ঠানের পথিকৃৎ শিল্পী মুস্তফা মনোয়ার। উদ্বোধনী অনুষ্ঠানে তানিয়া মনসুর, ইয়ং লার্নার কো-অর্ডিনেটর, ব্রিটিশ কাউন্সিল ১২ জন শিশুকে নিয়ে একটি ডেমো লেসন প্রদর্শন করেন। এরপর মুস্তফা মনোয়ার শিশুদের জন্য পাপেট শো প্রদর্শন করেন।

অনুষ্ঠানে জানানো হয়, ব্রিটিশ কাউন্সিলের অভিনব ইংরেজি ভাষা শিক্ষা কর্মসূচি এবং ব্রিটেনের অস্কারজয়ী আর্ডমান অ্যানিমেশনের সমন্বয়ে 'লার্নিং টাইম উইথ শন অ্যান্ড টিমি' ৪ থেকে ৬ বছর বয়সী শিশুদের উপযোগী অত্যন্ত ও আকর্ষণীয় ইংরেজি শিক্ষা কর্মসূচি। এ কর্মসূচি বিশ্বজুড়ে শিশুদের আনন্দের মাধ্যমে ও উৎসাহী হয়ে শিক্ষাগ্রহণের সুযোগ সৃষ্টি করবে। স্যার কিরণ ডিভেইন বলেন, 'শিশুদের অল্প বয়সে ইংরেজি শিক্ষা তাদের স্কুলজীবন এবং স্কুল পরবর্তী ভবিষ্যৎ জীবনের জন্য প্রস্তুত করে তোলে। ৪ থেকে ৬ বছর বয়সী বাচ্চাদের কাছে তাদের পছন্দের শন অ্যান্ড টিমি টাইমের চরিত্র ও গল্পের মাধ্যমে আমাদের ইংরেজি শিক্ষা পৌঁছে দিতে আমরা অস্কার বিজয়ী আর্ডম্যানের সঙ্গে কাজ করছি।

প্রশাসনিক কর্মকর্তা
কার্যার্থে/ জ্ঞাতার্থে
স্বাক্ষর